

স্থাপিতঃ ১৯৮০

ফোনঃ ৬২২৩৪



ঝিনাইদহ জেলা বাস-মিনিবাস মালিক সমিতি

(বাংলাদেশ সড়ক পরিবহন সমিতির অন্তর্ভুক্ত)

ঢাকা লাইসেন্স নং টি, ও ১৫৬/৫, ১৯৮২-৮৩

শহীদ মশিউর রহমান সড়ক, চুয়াডাঙ্গা বাসষ্ট্যান্ড, ঝিনাইদহ।

বিজ্ঞাপনসং: বিজেবামিমাস/২৪ / ৪০(৫০)/২৪

তারিখঃ ২০/১১/২০২৪।

বিজ্ঞপ্তি


বাসে শিক্ষার্থীদের হাফ ভাড়া কার্যকর করা প্রসঙ্গে


ঝিনাইদহ জেলার অভ্যন্তরে চলাচলরত সকল লোকাল পরিবহন বাস-মিনিবাসে শিক্ষার্থীদের হাফ ভাড়া গ্রহণ প্রসঙ্গে বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট ঝিনাইদহ জেলা শাখার নেতৃত্বের সাথে ঝিনাইদহ জেলা বাস মিনিবাস মালিক সমিতির প্রশাসক ও পরিচালনা পরিষদের সম্মুখে এবং যৌথ সভা অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব) মহোদয়ের অফিস কক্ষে অনুষ্ঠিত হয়। সভায় বাসে শিক্ষার্থীদের হাফ ভাড়ার বিষয়ে বিস্তারিত আলোচনার পর নিম্ন লিখিত সিদ্ধান্তসমূহ সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।


সিদ্ধান্ত সমূহ


- ১। স্কুল, কলেজ ও বিশ্ববিদ্যালয় চলাকালীন সময়ে সকল ছাত্র-ছাত্রীর স্ব স্ব শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক প্রদানকৃত বৈধ পরিচয়পত্র প্রদর্শন করে ঝিনাইদহ জেলার মধ্যে চলাচলরত সকল বাস মিনিবাসে বাংলাদেশ সরকার কর্তৃক নির্ধারিত ভাড়ার অর্ধেক ভাড়া প্রদান করতে পারবেন।
- ২। সকাল ৭:০০ ঘটিকা হতে সন্ধ্যা ৭:০০ ঘটিকা পর্যন্ত সপ্তাহের ৭দিনই বৈধ পরিচয়পত্র প্রদর্শন করে শিক্ষার্থীরা অত্র জেলার লোকাল বাস মিনিবাসে হাফ ভাড়া প্রদান করে চলাচল করতে পারবেন।
- ৩। পবিত্র ঈদুল ফিতর ও ঈদুল আজহার আগের ১০ দিন ও পরের ১০ দিন অর্ধেক ভাড়া প্রযোজ্য হবে না।
- ৪। এই সিদ্ধান্ত শুধুমাত্র ঝিনাইদহ জেলার শখপাড়া, হাটগোপালপুর, বারোবাজার ও দশমাইল এর মধ্যে প্রযোজ্য হবে।
- ৫। এই সিদ্ধান্ত ২৪/১১/২০২৪ তারিখ থেকে কার্যকর হবে।

উল্লেখ্য, কোন ছাত্র-ছাত্রীর ভাড়ার বিষয়ে কোন অভিযোগ থাকলে তা বৈষম্য বিরোধী ছাত্র আন্দোলন, সমাজতান্ত্রিক ছাত্রফ্রন্ট, ঝিনাইদহ জেলা শাখা ও ঝিনাইদহ জেলা বাস মিনিবাস মালিক সমিতির নেতৃত্বের নিকট অভিযোগ করতে হবে এবং একই কারণে কোন ছাত্র-ছাত্রীর বিষয়ে মালিক/শ্রমিকের কোন অভিযোগ থাকলে তা সংশ্লিষ্ট সংগঠনের নেতৃত্বকে জানাতে হবে।


ইলিশায় রিছিল
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ও
প্রশাসক,
ঝিনাইদহ জেলা বাস-মিনিবাস
মালিক সমিতি, ঝিনাইদহ।


মোহাম্মদ আশী কানু
সদস্য
ঝিনাইদহ জেলা বাস-মিনিবাস
মালিক সমিতি,
ঝিনাইদহ।
০১৭১৪-২০১০৫৩


২১.১১.২৪
আবু হুরাইরা
আহবায়ক,
বৈষম্যবিরোধী ছাত্র
আন্দোলন,
ঝিনাইদহ জেলা।
০১৭২২-০১৪৭৭২


২১.১১.২৪
শারমিন সুলতানা,
আহবায়ক,
সমাজতান্ত্রিক ছাত্র ফ্রন্ট,
ঝিনাইদহ জেলা শাখা।
০১৭০৭-৬৭৭১৭৫